



## বাংলাদেশ প্রেস কাউন্সিল

৪০, তোপখানারোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[www.presscouncil.gov.bd](http://www.presscouncil.gov.bd)



### শোকবার্তা

গভীর দুঃখের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ প্রেস কাউন্সিলের সম্মানিত সদস্য ও বাংলা একাডেমির মহাপরিচালক বিশিষ্ট কবি হাবীবুল্লাহ সিরাজী গতকাল ২৪ মে ২০২১ তারিখ রাত ১১.০০ ঘটিকায় শ্যামলীর বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে বাংলাদেশ প্রেস কাউন্সিলের মাননীয় প্যানেল চেয়ারম্যান অ্যাডভোকেট সৈয়দ রেজাউর রহমান গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন এবং মরহুমের বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করে তাঁর শোকসন্তপ্ত পরিবার ও আত্মীয় স্বজনের প্রতি আন্তরিক সমবেদনা প্রকাশ করেন।

কবি হাবীবুল্লাহ সিরাজী সাহিত্যকর্মে অবদানের জন্য একুশে পদক, বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার, জাতীয় কবিতা পরিষদ পুরস্কার, আলাওল সাহিত্য পুরস্কার, বিষ্ণু দে পুরস্কারসহ দেশে-বিদেশে নানা পুরস্কার পেয়েছেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ একজন সাহিত্যিক ও সংস্কৃতিমনা ব্যক্তিত্বকে হারালো। তিনি সাহিত্য ও সংস্কৃতাজনে স্মরণীয় হয়ে থাকবেন।

মো: শাহ আলম

সচিব(যুগ্মসচিব)

বাংলাদেশ প্রেস কাউন্সিল